গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল
বরগুনা
barguna.judiciary.gov.bd

নম্বর: ০৯ (জে) তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩
০৬ সেপ্টেম্বর ২০২৬

# নিয়োগপত্র

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ কর্তৃক প্রদত্ত সুপারিশ সম্বলিত প্রতিবেদনের প্রেক্ষিতে, **জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯** মোতাবেক অত্রাদালতের **'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক'** শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর **৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)** টাকার বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বছরের জন্য নিম্নছকের প্রার্থীকে অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হইল:

| ক্রমিক | প্রার্থীর নাম ও পিতার নাম | রোল নম্বর | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | **জনাব সুবর্না খাতুন**<br>পিতা-আব্দুল মান্নান মোল্লা | ১৩০২০৩২২ | গ্রাম: ভাবনহাটী, ডাকঘর-মাগুরা সদর-৭৬০০, উপজেলা-মাগুরা সদর, জেলা-মাগুরা |

**০২।** নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে আগামী **১৫ সেপ্টেম্বর, ২০২৬** তারিখ অফিস সময়ে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল, বরগুনায় যোগদান করিবার নির্দেশ প্রদান করা হইল।

**০৩। শর্তাবলী:**

১. নির্দিষ্ট তারিখে চাকুরিতে যোগদান না করিলে তাঁহার নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২. চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং অন্যান্য কাগজপত্র দাখিল করিতে হইবে।

৩. প্রার্থীকে নিয়োগের তারিখ হইতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকিতে হইবে এবং উক্ত অবস্থায় যে কোনো মূহূর্তে পূর্বনোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীকে চাকুরিচ্যুত করিতে পারিবে।

৪. প্রার্থীর শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি সন্তোষজনক না হয় অথবা তিনি দক্ষতা অর্জন করিতে পারিবেন না বলিয়া বিবেচিত হন, তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাহাকে চাকুরি হইতে অপসারণ করা যাইবে।

৫. সংশ্লিষ্ট বিধি অনুযায়ী শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হইলে প্রার্থীকে চাকুরিতে স্থায়ী করিবার বিষয়ে যথাসময়ে বিবেচনা করা হইবে।

৬. শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিতে থাকিলে যোগদানের সময় বর্তমান নিয়োগকর্তার নিকট হইতে অবমুক্তকরণ (Release Order) দাখিল করিতে হইবে। এই সংক্রান্তে কোনো তথ্য গোপন করা হইলে প্রার্থী শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হইবেন।

৭. প্রার্থী নিজ খরচে সিভিল সার্জন/মেডিকেল বোর্ডের নিকট হইতে তাহার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) সনদ সংগ্রহ করিয়া যোগদানের সময় দাখিল করিতে হইবে।

৮. সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী প্রার্থীগণকে চাকুরিতে যোগদান করিবার সময় তাঁহার এবং তাঁহার পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে (কমিশন ওয়েবসাইটে প্রদর্শিত) পূরণ করিয়া জমা দিতে হইবে।

Saiful
06.09.2026

৯. কাজে যোগদানের পর যথানিয়মে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন অনুষ্ঠিত হইবে, যাহা অবশ্যই সন্তোষজনক হইতে হইবে। সন্তোষজনক না হইলে তাহার নিয়োগ বাতিল করা হইবে।

১০. কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হইবে না।

স্বাক্ষরিত
**(মোঃ সাইফুল আলম)**
বিচারক (জেলা ও দায়রা জজ)
সার্ভিস আইডি নম্বর: ১৯৯৮১১৮০৬৮
ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল, বরগুনা
ই-মেইল: lsat.barguna@bdcourts.gov.bd

Scanned with CamScanner

স্মারক নম্বর: ৭৭ (১০)(০৯ )(জে) তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩
০৬ সেপ্টেম্বর ২০২৬

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. সভাপতি, অধস্তন আদালতসমূহের শূন্যপদে সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

২. পুলিশ সুপার, বরগুনা/মাগুরা। **[সংশ্লিষ্ট কর্মচারীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্নপূর্বক প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]**

৩. সিভিল সার্জন, বরগুনা/মাগুরা। **[সংশ্লিষ্ট কর্মচারীর শারীরিক যোগ্যতার সনদ প্রদানপূর্বক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য]**

৪. ডিস্ট্রিক্ট একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, বরগুনা।

৫. জনাব সুবর্না খাতুন, পিতা-আব্দুল মান্নান মোল্লা, গ্রাম: ভাবনহাটী, ডাকঘর: মাগুরা সদর-৭৬০০, উপজেলা-মাগুরা সদর, জেলা-মাগুরা।

৬. আদেশ কপি/ফাইল কপি/অফিস কপি।

০৬.০৯.২০২৬

**(মোঃ সাইফুল আলম)**
বিচারক (জেলা ও দায়রা জজ)
ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল, বরগুনা